মুদ্রা সংগ্রাহক কর্তৃক টাকা জাদুঘরে মুদ্রা উপহার প্রদান

ডেপুটি গভর্নর জনাব মোঃ আবুল কাসেম ১৩ অক্টোবর, ২০১৪ তারিখে টাকা জাদুঘর পরিদর্শনকালে মুদ্রা সংগ্রাহক জনাব সৈয়দ রশীদ আলম তাঁর নিকট বেশ কিছু মুদ্রা ও নোট উপহার হিসেবে দান করেন। সৈয়দ রশীদ আলম এর পূর্বেও বেশ কয়েকবার অত্যন্ত মূল্যবান মুদ্রা ও কাগুজে নোট টাকা জাদুঘরে উপহার হিসেবে দান করেছেন। ভবিষ্যতেও তিনি টাকা জাদুঘরে তার সংগৃহীত আরও কিছু মুদ্রা ও কাগুজে নোট দান করবেন মর্মে আগ্রহ ব্যক্ত করেন। ডেপুটি গভর্নর মহোদয় সানন্দের সাথে জনাব আলমের মুদ্রাগুলো গ্রহণ করেন এবং টাকা জাদুঘরের নিকট তাঁর মুদ্রা দানের এ মহতী উদ্যোগের ভূয়সী প্রশংসা করেন। টাকা জাদুঘরকে পরিপূর্ণতা দিতে জনাব আলমের দানকৃত মুদ্রাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলেও তিনি প্রত্যাশা ব্যক্ত করেন।

ডেপুটি গভর্নর জনাব মোঃ আবুল কাসেমের নিকট জনাব সৈয়দ রশীদ আলম টাকা জাদুঘরের জন্য মুদ্রা উপহার প্রদান করছেন। পাশে রয়েছে ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্টের দায়িত্বপ্রাপ্ত নির্বাহী পরিচালক জনাব শুভঙ্কর সাহা।